দৈনিক
ইনকিলাব

-2-0 MAR 2008
৩ ৪

# বায়তুল মোকাররমে ইসলামী বইমেলা জমে উঠেছে

স্টাফ রিপোর্টার

বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর চত্বরে ইসলামী বইমেলা জমে উঠেছে। জ্ঞানপিপাসু ক্রেতারা নতুন নতুন বই খুঁজে কিনে নিচ্ছেন। শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানেও ইসলামী বই মেলার বই স্থান পাচ্ছে। ইফা কর্তৃপক্ষ ইসলামী বইমেলা সম্পর্কে ব্যাপক প্রচারের উদ্যোগ নিলে বই মেলায় ক্রেতাদের ঠাঁই ধরতো না। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং পবিত্র ঈদে মিলাদুন্নবী (স) উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন (ইফা) গত ১ ফেব্রুয়ারী থেকে আগামী ২৭ এপ্রিল পর্যন্ত ইসলামী বই মেলার আয়োজ করে। বই মেলায় ৫১টি স্টলে বেশকিছু নতুন নতুন আকর্ষণীয় বই স্থান পেয়েছে। বই মেলায় ইফার স্টলে গতকাল পর্যন্ত প্রায় ১৫ লক্ষাধিক টাকার বই বিক্রি হয়েছে। বই মেলার আল-এছহাক প্রকাশনী স্টলে নতুন বই প্রখ্যাত আলেম ইসলামী রাজনীতিক পীর-মাশায়েখের সাক্ষাৎকার, আল্লামা সৈয়দ মোহাম্মদ এছহাক রহ-এর রচনাবলী, ইহকালের সুখ ও পরকালের নাজাত, সত্যের সন্ধ্যানে, অভিশপ্ত জীবন নামক বইগুলো বেশি কাটতি রয়েছে। এমদাদিয়া বুক হাউসে মাতাপিতার খেদমত ফজিলত ও ঘটনাবলী নামক বই শীঘ্রই স্টলে স্থান পাবে বলে জানা গেছে। বুক হাউসের বই বিক্রেতা দেলোয়ার হোসেন ইনকিলাবকে বলেন, ইতিপূর্বে প্রেসিডেন্ট পবিত্র ঈদে মিলাদুন্নবী (সঃ) উদ্বোধন করতেন এবং ইসলামী বই মেলার স্টল ঘুরে ঘুরে দেখতেন। অথচ ইফা কর্তৃপক্ষ আজ প্রেসিডেন্টের আগমন উপলক্ষে বিকেল ৫টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত বইমেলা বন্ধ করে দিয়েছে। এ ধরনের সিদ্ধান্ত খুবই দুঃখজনক। তিনি বলেন, বাংলা একাডেমীর বইমেলা নিয়ে ব্যাপক প্রচার চালানো হয়। কিন্তু ইসলামী বই মেলার প্রতি কর্তৃপক্ষ নিজেই উদাসীন। আর্দশ নারী ও নাজাতের পথ নামক বইটি বেশ চাহিদা রয়েছে বলে তিনি জানান। সোলেমানিয়া বুক হাউসের বিক্রেতা আব্দুল আজিজ ইনকিলাবকে বলেন, সুফীতত্ত্ব বা মারফাতের গোপন বিধান বইটি বেশি বিক্রি হচ্ছে। তিনি বলেন, দ্রব্যমূল্যের উর্ধ্বগতির মাঝে মোটামুটিভাবে বই ভালই বিক্রি হচ্ছে। তিনি বলেন, এবার মেলায় নারী অধিকারের ওপর লেখা বই বিভিন্ন ক্রেতারা খুঁজছে। বিশ্বকল্যাণ পাবলিকেশনে ধর্ম ও রাজনীতি, ইসলামে সংঘবদ্ধ জীবন, মা-বাপ ও সন্তানের হক, তাছাউফ তত্ত্ব, ভুল সংশোধন ও মহানবী (সঃ)-এর জীবনার্দশ বইয়ের বেশ কাটতি রয়েছে। আশরাফিয়া বইঘর স্টলের হাবিবুল্লাহ জানান, মরনের পরে দোযখের আযাব, বেহেশতের শান্তি ও বার চাঁন্দের ফযীলত-আ'মল ও ঘটনা নামক বইয়ের বেশ কাটতি রয়েছে। তিনি বিভিন্ন চ্যানেলে বই মেলার